

🗏 আত-তূর | At-Tur | ٱلطُّور

আয়াতঃ ৫২:১৯

আরবি মূল আয়াত:

كُلُوا وَ اشْرَبُوا هَنِيًّا بِمَا كُنتُم تَعمَلُونَ ﴿١٩﴾

তোমরা তৃপ্তি সহকারে খাও ও পান কর, তোমরা যে আমল করতে তার বিনিময়ে। — আল-বায়ান

(তাদেরকে বলা হবে) খাও আর পান কর খুব মজা করে- তোমরা যে 'আমাল করতে তার প্রতিফল হিসেবে। —

তাইসিরুল

তোমরা যা করতে তার প্রতিফল স্বরূপ তোমরা তৃপ্তির সাথে পানাহার করতে থাক। — মুজিবুর রহমান

[They will be told], "Eat and drink in satisfaction for what you used to do." - Sahih International

- ১৯. তোমরা যা করতে তার প্রতিফল স্বরূপ তোমরা তৃপ্তির সাথে পানাহার করতে থাক।(১)
 - (১) এখানে "তৃপ্তির সাথে" বা মজা করে কথাটি অত্যন্ত ব্যাপক অর্থ বহন করে। মানুষ জান্নাত যে লাভ করবে কোন প্রকার কস্ট বা পরিশ্রম ছাড়াই তা লাভ করবে। বরং তা হুবহু তার আকাংখা ও মনের পছন্দ মত হবে। যত চাইবে এবং যখনই চাইবে সামনে এনে হাজির করা হবে। সে যা কিছু লাভ করবে তা তার অতীত কাজের প্রতিদান হিসেবে এবং নিজের বিগত দিনের উপার্জনের ফল হিসেবে লাভ করবে। [দেখুন: সাদী]

তাফসীরে জাকারিয়া

- (১৯) তোমরা যা করতে তার প্রতিফল স্বরূপ তোমরা তৃপ্তির সাথে পানাহার করতে থাক। [1]
 - [1] অন্যত্র বলেছেন, (كُلُوا وَاشْرَبُوا هَنِيئًا بِمَا أَسْلَفْتُمْ فِي الْأَيَّامِ الْخَالِيةِ) অর্থাৎ, পানাহার কর তৃপ্তির সাথে, তোমরা অতীত দিনে যা (সৎকর্ম) করেছিলে তার বিনিময়ে। (সূরা হা-ক্কবাহ ২৪ আয়াত) এ থেকে প্রতীয়মান হয় যে, আল্লাহর অনুকম্পা লাভের জন্য ঈমানের সাথে সৎকর্মও অত্যাবশ্যক।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4754

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন